

মন্ত্রণালয়ের নাম: নৌপরিবহন মন্ত্রণালয়

মাসের নাম: জুলাই/২০২১

সংস্থার নাম	মোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ (বাস্তবক)	০২	০২	<p>ক) জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী চাকুরীর ১০ (দশ) বছর পূর্তিতে বেনাপোল স্থলবন্দরের ৫৬ জন কর্মকর্তা/কর্মচারীর অনুকূলে উচ্চতর গ্রেড প্রদান করা হয়। অনুমোদনকৃত উচ্চতর গ্রেডের ফিক্সেশন করা হলেও বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্ত না হওয়ায় বেনাপোল স্থলবন্দরের ট্রাফিক পরিদর্শক জনাব মোঃ এনামুল হক মোল্লা কর্তৃপক্ষ বরাবর আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্যতার বিষয়ে পর্যালোচনান্তে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য ০৫ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটি ১৪-০৭-২০২০ তারিখে প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদনের আলোকে এবং এতদসংক্রান্ত সংশ্লিষ্ট নথির সিদ্ধান্ত মোতাবেক উচ্চতর গ্রেড প্রাপ্তিতে তাদের প্রত্যেকের ব্যক্তিগত প্রাপ্যতা বা দায়সহ পূর্ণাঙ্গ তালিকা ও মতামত প্রেরণের জন্য বেনাপোল স্থলবন্দরে অনুরোধ করা হয়েছে। মতামত প্রাপ্তির পর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।</p> <p>খ) বেনাপোল স্থলবন্দরের ট্রাফিক পরিদর্শক জনাব মোঃ এনামুল হক মোল্লা কর্তৃক সরকারি কাজে বাধা প্রদান এবং প্রাণ নাশের হুমকী প্রদান করার বিষয়ে বেনাপোল স্থলবন্দরের সহকারী পরিচালক (ট্রাফিক) জনাব মোঃ আতিকুল ইসলাম সাধারণ ডায়েরী করার জন্য বেনাপোল স্থলবন্দরে পরিচালক (ট্রাফিক) বরাবর অনুরোধ করেন। তদুপেক্ষিতে বেনাপোল হতে পোর্ট থানায় সাধারণ ডায়েরি করা হয় যার নং ৩৮৭, তারিখ ১০/০৯/২০২০ এবং আবেদনের বিষয়ে তদন্তক্রমে প্রতিবেদন দাখিলের জন্য বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের পরিচালক (ট্রাফিক)-কে দায়িত্ব প্রদান করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের আলোকে ট্রাফিক পরিদর্শক জনাব মোঃ এনামুল হক মোল্লা এর বিরুদ্ধে গত ১১-০৩-২০২১ খ্রিঃ তারিখে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরি প্রবিধানমালা-২০০৪ এর প্রবিধি ৪০ (ক) (খ) মোতাবেক 'দায়িত্ব পালনে অবহেলা' ও 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং একই দিনে (১১-০৩-২০২১ খ্রিঃ তারিখে) তাকে সাময়িক বরখাস্তও করা হয়।</p> <p>উল্লেখ্য, অভিযোগ ০২ (দুই)টি অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) এর অনুচ্ছেদ-৪ এ অভিযোগের প্রকৃতিতে বর্ণিত নাগরিক অভিযোগ, অভ্যন্তরীণ অভিযোগ ও প্রাতিষ্ঠানিক/দাপ্তরিক অভিযোগের পর্যায়ে পড়ে না বিধায় অভিযোগ ০২ (দুই)টি নিষ্পত্তি হয়েছে মর্মে গণ্য করা হলো। অভিযোগগুলো পৃথকভাবে দপ্তর হতে ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে।</p>	--	

(ডি এম আতিকুর রহমান)  
পরিচালক(প্রশাসন)  
ফোকাল পয়েন্ট কর্মকর্তা  
ফোন:০২-৫৫০১৩৮৩১  
E-mail: [directoradmin@bsbk.gov.bd](mailto:directoradmin@bsbk.gov.bd)